

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
কাকরাইল, ঢাকা-১০০০।



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৩.০০০০.০০১.১৬.০৪৭.১৭- ৪৬৫০

তারিখ - ২৫/৩/২০২১ খ্রিঃ।

অফিস-আদেশ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস এবং স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক আগামী ১৭/০৩/২০২১ খ্রিঃ হতে ২৬/০৩/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ১০(দশ) দিন ধারাবাহিকভাবে অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠান যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে অত্র অধিদপ্তরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে ১৭ মার্চ/২০২১ বুধবার সকাল ১০:০০ টায় স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে, সিনিয়র সচিব, অতিরিক্ত সচিব ও যুগ্ম সচিব পর্যায়ের কর্মকর্তাগণ পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করবেন। উক্ত সময়ে সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি নিশ্চিত করার লক্ষ্যে অত্র দপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালকদের-কে সকাল ৯.৩০ টার মধ্যে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। অধিদপ্তরের অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের-কে সকাল ১১.০০ টায় অধিদপ্তরের প্রধান ভবনে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, সকাল ১১.১০ টায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পক্ষ থেকে কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করা হবে। অতঃপর অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের সংগঠন জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন।

(মোঃ সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী

স্মারক নং-৪৬.০৩.০০০০.০০১.১৬.০৪৭.১৭-

৪৬৫০ (৬০)

তারিখ - ২৫/৩/২০২১ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত/পরিকল্পনা/পানি সম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সার্কেল, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, প্রকল্প, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৪। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বিভাগ, ঢাকা।
- ৫। সভাপতি/সাধারণ সম্পাদক, অধিদপ্তরের সকল সংগঠন।
- ৬। সংস্থাপন শাখা, অত্র কার্যালয়, ঢাকা।

(মোঃ সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী